01 FEB 1992
তারিখ ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪

৭
02

দৈনিক খবর

# আগামী বছর শেষ দিকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ছাত্র ভর্তি শুরু

বাসস জানায়, দেশের প্রথম উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ১৯৯৩ সালের শেষ দিকে ছাত্র ভর্তি শুরু হবে। বিভিন্ন কোর্সে ১ লাখ ১৬ হাজার ছাত্র ভর্তি করা হবে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শমসের আলী গত বৃহস্পতিবার সংবাদ সংস্থার সাথে এক সাক্ষাৎকারে একথা জানান। সাক্ষাৎকারে অধ্যাপক আলী বলেন, ভর্তি শুরুর আগেই দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থার সমস্যাবলী বিবেচনা করে কতকগুলো জীবনমুখী শিক্ষা কর্মসূচী প্রণয়নের কাজ শুরু করা হবে।

তিনি বলেন, গাজীপুরের সাবেক ইসলামী বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে একটি পূর্ণাঙ্গ অডিও ভিডিও ষ্টুডিও স্থাপনসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ এগিয়ে চলছে এবং বিশ্ববিদ্যালয় উন্নয়ন প্রকল্প আগামী পাঁচ বছরের (১৯৯১-৯৬) মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে।

তিনি জানান, এ উন্নয়ন প্রকল্পে ৪২ কোটি টাকা বৈদেশিক মুদ্রাসহ আনুমানিক ১৭০ কোটি টাকা ব্যয় হবে। তিনি আরো জানান, এশিয়া উন্নয়ন ব্যাংক (এডিবি) এ প্রকল্পের শতকরা ৮১ ভাগ ব্যয়ভার বহন করবে। অধ্যাপক আলী বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ধারণা অনুযায়ী সেখানে ছাত্র ও শিক্ষকদের মধ্যে সরাসরি কোন যোগাযোগ থাকবে না। বিভিন্ন ক্ষেত্রে বিশেষজ্ঞদের অডিও ভিস্যুয়াল সামগ্রী ও মুদ্রিত প্রবন্ধের ভিত্তিতে শিক্ষার পাঠ্যসূচী প্রণয়ন করা হবে।

তিনি বলেন, অডিও, টেলিভিশন ও ডাক সার্ভিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের তৎপরতা পরিচালনা করা হবে। অধ্যাপক আলী বলেন, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ছাত্রদের নানাবিধ সুযোগ-সুবিধা প্রদান করা হবে। সেখানে ছাত্রদের বয়স তাদের সংখ্যার ব্যাপারে কোন সীমাবদ্ধতা এবং একটি কোর্সে ভর্তি হওয়ার জন্য কোন নির্দিষ্ট সময় নির্ধারিত থাকবে না। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ের এ কর্মসূচীর মাধ্যমে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে ব্যর্থ ছাত্র, বেকার যুবক, পল্লীর মহিলা, বিভিন্ন বাণিজ্য ও পেশায় নিয়োজিত ব্যক্তি, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনায় এবং কৃষি খাতে নিয়োজিতরা উপকৃত হবে। উপাচার্য আরো বলেন, গাজীপুরে সাবেক ইসলামী বিশ্ববিদ্যালয়ে প্রধান কেন্দ্র থাকলে দেশের বিভিন্ন স্থানে আরো ১০টি আঞ্চলিক ও ৮১টি শিক্ষা কেন্দ্র স্থাপন করা হবে।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে একজন উপাচার্য, তিনজন উপ-উপাচার্য, ১১ জন অধ্যাপক, ৩০ জন পরিচালক, ২১ জন সহযোগী অধ্যাপক, ১৮ জন উপপরিচালক, ১ জন মুখ্য প্রকৌশলী, ৬৬ জন সহকারী অধ্যাপক এবং ২৯ জন প্রভাষক থাকবেন।